



বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বাতীশিপ্রই)

বাংলাদেশ তীত বোর্ড

(বস্ত্র ও পাট মন্ত্রণালয়)

সাহেপ্রতাপ, নরসিংদী।

www.bheti.portal.gov.bd



নং-বাতীবো/বাতীশিপ্রই/বিএসসি টেক্সটাইল/১০৬/২০১৮-২২৭২

তারিখঃ ০৮.০৯.২০২২ খ্রিঃ।

## বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তি বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ তীত বোর্ডের নিম্নলিখিত এবং টেক্সটাইল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত “বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, সাহেপ্রতাপ, নরসিংদী” এ ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছেঃ

আবেদনের ন্যূনতম যোগ্যতা	আবেদনের সময়সীমা	ভর্তি পরীক্ষা তারিখ, সময় ও স্থান	ফলাফল প্রকাশ ও ভর্তির তারিখ	বিভাগ অনুযায়ী আসন সংখ্যা
(ক) আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে অথবা নাগরিকত্ব গ্রহণসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। (খ) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ (GPA) ৩.৫০ থাকতে হবে। (গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজী/ডিপ্লোমা-ইন-গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং কোর্সের পরীক্ষায় ৪.০০ এর স্কেলে কমপক্ষে সিজিপিএ (CGPA) ২.৭৫ থাকতে হবে। উল্লিখিত কোর্সসমূহের পরীক্ষায় ২০১৯ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত শাসিত, সেক্টর, কর্পোরেশন-এ শিক্ষকতাসহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।	১০/০৯/২০২২ হতে ০৬/১০/২০২২ তারিখ পর্যন্ত	<b>ভর্তি পরীক্ষার তারিখ:</b> ০৮/১০/২০২২ খ্রিঃ  <b>সময়:</b> সকাল- ১০:০০ টা  <b>স্থান:</b> বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, সাহেপ্রতাপ, নরসিংদী।	<b>ফলাফল প্রকাশ:</b> ০৯/১০/২০২২ খ্রিঃ  www.bhb.gov.bd & www.bheti.gov.bd ওয়েব সাইট এবং নোটিশ বোর্ডে ফলাফল পাওয়া যাবে।  <b>ভর্তির তারিখ:</b> ফলাফল প্রকাশের তারিখে উল্লিখিত ওয়েব সাইট ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।	১। ওয়েট প্রসেসিং ইঞ্জিনিয়ারিং-৪০ এবং ২। এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং-৪০।

২। **আবেদন ফিঃ** ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি প্রয়োজন হবে।

৩। **আবেদন ফরম সংগ্রহ ও জমা প্রদানের নিয়মাবলীঃ** ভর্তির আবেদন ফরম www.bheti.portal.gov.bd বা www.bhb.gov.bd ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। সংগৃহীত ভর্তির আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করে ১,০০০/- (এক হাজার) টাকা নগদে জমাদানপূর্বক জমা রশিদের মূল কপি এবং সকল পরীক্ষার চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট, মূল সনদপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ০৩ কপি রশিন ছবি যুক্ত করে ১০/০৯/২০২২ হতে ০৬/১০/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, সাহেপ্রতাপ, নরসিংদী এবং ওএন্ডএম বিভাগ, বাংলাদেশ তীত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫ তে আবেদন ফরম জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।

৪। **ভর্তি পরীক্ষার নিয়মাবলীঃ** ভর্তি পরীক্ষা মোট ২০০ নম্বরের MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় ইয়ার্ণ ম্যানুফেকচারিং, ফেব্রিক ম্যানুফেকচারিং, ওয়েট প্রসেসিং এবং গার্মেন্টস ও ক্রুডিং টেকনোলজি বিষয়ের উপর মোট (৪X৩০) = ১২০ নম্বর এবং গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর মোট (৪X২০) = ৮০ নম্বরের প্রশ্ন থাকবে। ভর্তি পরীক্ষা ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজি/ডিপ্লোমা-ইন- গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজি কোর্সের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত সর্বশেষ পাঠ্যক্রম অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, প্রতি প্রশ্নে ৪টি উত্তরের Options থাকবে, পরীক্ষার সময় হবে ১ ঘণ্টা ২০ মিনিট।

৫। **সংরক্ষিত আসনঃ** বাতীশিপ্রই, নরসিংদী হতে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে উত্তীর্ণ প্রার্থীদের জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। তাছাড়া, নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ০৪টি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০১টিসহ মোট ০৫টি আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে উপজাতি মর্মে প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং মেধাভিত্তিক নির্বাচন করা হবে।

  
(মোঃ গোলজার হোসেন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব, ভর্তি কমিটি।

যোগাযোগঃ ০১৭১৫-৬৬১৩৫২ / ০১৭১৪-৪৪০৭০১ / ০১৮৪৮-৩৮৯৬০০.